গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
এসিআর শাখা
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০..০৪৫.২১.০০২.১৭.২২

তারিখ: ২৫ মাঘ ১৪২৫
০৭ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: **নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) দাখিল ও এ সংক্রান্ত তথ্য এ বিভাগে প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর-৩ শাখার গত ১৩/০৩/২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১০২.২২.০০১. ১৬-১৬ নং পরিপত্রে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) দাখিলের সময়সীমা সম্পর্কে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

"গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরসহ ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌছানোর জন্য বিলম্বিত সময় ১ বছরের পরিবর্তে ৩ মাস নির্ধারণ করা হলো। অর্থাৎ অনুবেদনাধীন কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ জানুয়ারি এবং বিলম্বিত সময় ৩১ মার্চ, অনুবেদনকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ২৮ বা ২৯ ফেব্রুয়ারি এবং বিলম্বিত সময় ২০ এপ্রিল, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ মার্চ এবং বিলম্বিত সময় ৩১ মে। বিলম্বিত সময়ের পরে দাখিলকৃত, অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।"

০২। এসিআর অনুশাসনমালা, ২০১২ এর ১.৬.১ এ অনুবেদনাধীন কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে অগ্রগামী পত্রসহ এসিআর অনুবেদনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন এবং অগ্রগামী পত্রের অনুলিপি ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত অনুশাসনমালার ১.৬.২ এ অনুবেদনকারী কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে এসিআর যথাযথভাবে অনুস্বাক্ষর করে অগ্রগামী পত্রসহ প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন এবং অগ্রগামী পত্রের অনুলিপি ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন মর্মেও নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুশাসন অনুযায়ী অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক এসিআর দাখিল ও অনুস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুস্বাক্ষরিত এসিআর প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণের অগ্রগামী পত্রের অনুলিপি এ বিভাগে প্রেরণের জন্য এবং এসিআর অনুশাসনমালা অনুযায়ী শুধুমাত্র উক্ত অগ্রগামী পত্রই এসিআর দাখিলের প্রমাণক হিসেবে গণ্য হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রম অনুরোধ করা হলো।

৭-২-২০১৯
কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০২-৯৫৪০২০৮
ফ্যাক্স: ০২-৯৫৪০৩০৩
ইমেইল: Kanai64@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ:

১) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
২) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর
৩) প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল
৪) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত

ট্রাইব্যুনাল, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০..০৪৫.২১.০০২.১৭.২২/১

তারিখ: ২৫ মাঘ ১৪২৫
০৭ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১) যুগ্ম সচিব, এসিআর শাখা , অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



৭-২-২০১৯

কানাই লাল শীল

সিনিয়র সহকারী সচিব